দৈনিক সংবাদ

তারিখ ... AUG 18 1999 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ... ১..

27

# মাদ্রাসা শিক্ষা নিয়ে সকল মহলের সঙ্গে আলোচনার আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির নেতারা গতকাল মঙ্গলবার সকালে এক সাংবাদিক সম্মেলনে জানান, সরকার কোন মাদ্রাসা বন্ধ করেনি। হাজারখানেক শিক্ষকের বেতন বন্ধ হলেও তা নিয়মতান্ত্রিকভাবেই হয়েছে। তবে মাদ্রাসা শিক্ষা নিয়ে উদ্ভূত সংকট সংশ্লিষ্ট সকল মহলের সঙ্গে আলোচনা করে নিরসন করা প্রয়োজন।

জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি আলহাজ মওলানা এ কে এম নূরুল ইসলাম। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মওলানা সুলতান মিয়া, মোল্লা সাইদুর রহমান, মোঃ আবদুর রউফ, মোঃ ইউসুফ আলী।